# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/কনিশাঃ-২০২৫/ ২৪০ তারিখঃ ২৮/০৩/২০২৫

## " মানিকগঞ্জ পৌরসভার কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী"

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ |
| তারিখ | ঃ ০৯ মার্চ, ২০২৫ |
| রোজ | ঃ রবিবার |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ, মানিকগঞ্জ |

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ-**

১। জনাব সানজিদা জেসমীন, প্রশাসক ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

২। জনাব এবিএম খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৩। জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৪। জনাব সেলিনা আখতার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৫। জনাব আলী আকবর রাজা, কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের কে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন সহ সভার কার্য্যক্রম শুরু করার নির্দেশ প্রদান করেন।

**আলোচ্য সূচি ঃ-**

**০১। বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**আলোচনাঃ-** সভাপতি কর্তৃক নির্দেশিত হয়ে কর নির্ধারক সভায় বিগত ১২ ডিসেম্বর, ২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্য্যবিবরণী উপস্থাপন করেন। সভার পঠিত কার্য্যবিবরণীর উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত ঃ-** বিগত ১২ ডিসেম্বর, ২০২৪, তারিখ অনুষ্ঠিত সভার গৃহীত কার্যবিবরণী শ্রবনান্তে কোনরূপ সংশোধনী, পরিবর্তন, পরিবর্ধন না থাকায় উক্ত সভার কার্যবিবরণী অনুমোদনের সুপারিশ করা হলো।

**০২। কর চূড়ান্ত করণ প্রসঙ্গেঃ-**

**আলোচনা নং ঃ-** কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা জনাব আলী আকবর রাজা সভাকে জানান যে, রি এসেসমেন্ট ২০২৩- ২০২৪ এর কাজ শেষ করা হয়েছে। সরকারি হোল্ডিং সংখ্যা হয়েছে ১০৭ ( একশত সাত) টি ধার্য্য কর ২,১৪,১৩,৩৩৩/- ( দুই কোটি চৌদ্দ লক্ষ তের হাজার তিনশত তেতত্রিশ) টাকা এবং ব্যক্তি মালিকানাধীন হোল্ডিং সংখ্যা ১৭,৪২৪ (সতের হাজার চারশত চব্বিশ) টি ধার্য্য কর ১৩,৪২,২২,৭৪৮/- ( তের কোটি বিয়াল্লিশ লক্ষ বাইশ হাজার সাতশত আটচল্লিশ) টাকা। সর্বমোট কর ১৫,৫৬,৩৬,০৮১/- ( পনের কোটি ছাপান্ন লক্ষ ছত্রিশ হাজার একাশি) টাকা ধার্য্য করা হয়েছিল। কর ধার্য করার পর হোল্ডিং মালিকদেরকে আপিল আবেদন করার জন্য নোটিশ প্রদান করা হলে বিভিন্ন হোল্ডিং মালিকগণ ধার্যকৃত কর কমানোর জন্য আবেদন করেন। দাখিলকৃত আবেদন গুলো কর নিরুপন ও ধার্য্য সংক্রান্ত কমিটি ৫৮(আটান্ন) কার্যদিবস শুনানি গ্রহণ করে সরকারী হোল্ডিং ১০৭ টি এর উপর ২,১৪,১৩,৩৩৩/- ( দুই কোটি চৌদ্দ লক্ষ তের

হাজার তিনশত তেতত্রিশ) টাকা হতে কমিয়ে ২,১১,৬৪,৫৬৭.০০ ( দুই কোটি এগারো লক্ষ চৌষট্টি পাচঁশত সাতষট্টি ) টাকা এবং ব্যক্তি মালিকানাধীন হোল্ডিং সংখ্যা ১৭,৪২৪ (সতের হাজার চারশত চব্বিশ) টি ধার্য্য কর ১৩,৪২,২২,৭৪৮/- ( তেরো কোটি বিয়াল্লিশ লক্ষ বাইশ হাজার সাতশত আটচল্লিশ) টাকা হতে কমিয়ে ৯,০৮,৬৬,৪২৬.০০ ( নয় কোটি আট লক্ষ ছয়ষট্টি হাজার চারশত ছাব্বিশ) টাকা চূড়ান্ত করেন। সর্বমোট ১৭,৫৩১ টি হোল্ডিং এর উপর ১১,২০,৩০,৯৯৩.০০ ( এগারো কোটি বিশ লক্ষ ত্রিশ হাজার নয়শত তিরানব্বই) টাকা কর চূড়ান্ত হয়েছে। যা ২০২৪-২০২৫ অর্থ বছর হতে কার্যকরী করা হবে।

**সিদ্ধান্ত ঃ-** উপস্থিত সদস্যগণ উপরোক্ত আপিল কমিটি কর্তৃক ধার্য্যকৃত কর চূড়ান্ত অনুমোদনের সুপারিশ করেন। চূড়ান্তকৃত হোল্ডিং কর আদায় এর জন্য আদায় শাখায় প্রেরণ করার জন্য সুপারিশ করেন।

**চূড়ান্ত কর ধার্য্য ও আদায় প্রসঙ্গেঃ-**

**০৩। আলোচনা নংঃ-** সভায় কর আদায়কারী জনাব ইকবাল আহমেদ সভাকে জনান যে, ইতিমধ্যে চূড়ান্ত ধার্য্যকৃত করের বিল গ্রাহকদের মাঝে প্রেরণ করা হচ্ছে ও ব্যপক প্রচার করা হচ্ছে।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে ধার্য্যকৃত পৌরকর পরিশোধের জন্য ব্যপক প্রচারণা করার সুপারিশ করা হলো।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

০৭.০৩.২৫

**(বিশ্বনাথ বনিক)**
সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/কনিশাঃ-২০২৫/ 240/5(9)

তারিখঃ 27/06/2025

অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় প্রশাসক , মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
২। জনাব............................................................ সদস্য, কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
৩। জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
৪। জনাব ইকবাল আহমেদ, কর আদায়কারী, মানিকগঞ্জ পৌরসভা
৫। জনাব...........................................................................................................

**(আলী আকবর রাজা)**
কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/কনিশাঃ-২০২৫/ তারিখঃ ০৯/০৩/২০২৫ খ্রিঃ

**০৯/০৩/২০২৫ ইং তারিখে কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার উপস্থিত হাজিরাঃ-**

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ | সভাপতি | 09.03.25 |
| ০২ | জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা | সদস্য | 09/03/2025 |
| ০৩ | জনাব এবিএম খোরশেদ আলম , নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য | |
| ০৪ | জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য | 09.03.25 |
| ০৫ | জনাব সেলিনা আখতার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ | সদস্য | |
| ০৬ | জনাব আলী আকবর রাজা, কর নির্ধারক | সহায়ক কর্মকর্তা | |